জেলা পরিষদ কার্যালয়
পাবনা
www.zppabna.gov.bd

স্মারক নং:- ৪৬.০০.৭৬০০.০০০.০০৬.০২৬.০০০১.২৬-২৭১

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৭ জুন ২০২৬

## যাত্রী ছাউনির দোকান ঘর ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত ব্যবসায়ী প্রতিষ্ঠান ও সর্ব সাধারণের অবগতির জন্য জন্য জানানো যাচ্ছে যে, পাবনা সদর, সাঁথিয়া এবং ফরিদপুর উপজেলায় নিম্নবর্ণিত বর্ণিত যাত্রী ছাউনিতে নির্মিত দোকান ঘরগুলো শর্ত (তফসিল "গ") সাপেক্ষে ইজারা প্রদানের লক্ষ্যে ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তিবর্গের নিকট হতে দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ তফসিল "খ"-এ বর্ণিত সময়সূচী মোতাবেক (১) জেলা পরিষদ, পাবনা (২) জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা এবং (৩) উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর/সাঁথিয়া/ফরিদপুর, পাবনা এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে। এবং একই দিন বেলা ৩.৩০ টার সময় উপস্থিত দরপত্রদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

দরপত্র সিডিউল ফরম তফসিল "খ"-এ বর্ণিত সময়সূচী মোতাবেক (১) জেলা পরিষদ, পাবনা (২) জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা এবং (৩) উপজেলা নির্বাহী অফিসার, পাবনা সদর/সাঁথিয়া/ফরিদপুর, পাবনা এর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে (সরকারি ছুটির দিন ব্যাতিত) নগদ মূল্য ক্রয় করা যাবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় থেকে জানা যাবে।

### তফসিল "ক"

| ক্রম | যাত্রী ছাউনির দোকান ঘরের অবস্থান | উপজেলা | দোকানের সাইজ | জামানতের পরিমাণ | সর্বনিম্ন মাসিক দোকান ভাড়া | সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|---|---|---|---|
| ০১ | পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর বিপরীত পাশে যাত্রী ছাউনিতে ০১ টি দোকান ঘর। | পাবনা সদর | ১০ x ১০=১০০ বর্গফুট | ১,০০,০০০/- | ২,০০০/- | ৫০০/- |
| ০২ | সাঁথিয়া বাসস্ট্যান্ডের পাশে যাত্রী ছাউনিতে ০১ টি দোকান ঘর। | সাঁথিয়া | ১০ x ১০=১০০ বর্গফুট | ৫০,০০০/- | ১,০০০/- | ৫০০/- |
| ০৩ | পুংগলী গ্রামের কর্ণেল ফারুক এর বাড়ীর পাশে যাত্রী ছাউনিতে ০১ টি দোকান ঘর। | ফরিদপুর | ১০ x ১০=১০০ বর্গফুট | ২৫,০০০/- | ৫০০/- | ৫০০/- |

### তফসিল "খ"

| পর্যায় | সিডিউল বিক্রয়ের সর্বশেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|
| ১ম | ১৪/০৬/২০২৬ বিকাল ৪.০০ টা | ১৫/০৬/২০২৬ বেলা ১.০০ টা | ১৫/০৬/২০২৬ দুপুর ৩.৩০ টা |
| ২য় | ১৮/০৬/২০২৬ বিকাল ৪.০০ টা | ২১/০৬/২০২৬ বেলা ১.০০ টা | ২১/০৬/২০২৬ দুপুর ৩.৩০ টা |
| ৩য় | ২৩/০৬/২০২৬ বিকাল ৪.০০ টা | ২৪/০৬/২০২৬ বেলা ১.০০ টা | ২৪/০৬/২০২৬ দুপুর ৩.৩০ টা |

ঘোষিত যে কোন পর্যায়ে প্রত্যাশিত দর পাওয়া গেলে পরবর্তী পর্যায়ে সংশ্লিষ্ট যাত্রী ছাউনীর দোকান এর সিডিউল আর বিক্রয় করা হবে না।

০৭/০৬/২৬
(মোঃ আলতাফ হোসেন)
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, পাবনা

স্মারক নং:- ৪৬.০০.৭৬০০.০০০.০০৬.০২৬.০০০১.২৬-২৭১(২০)

তারিখ: ২৪ জ্যৈষ্ঠ ১৪৩৩
০৭ জুন ২০২৬

অনুলিপি: সদয় অবগতির ও বহুল প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):
০১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৩. পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী
০৪. জেলা প্রশাসক, পাবনা
০৫. প্রশাসক, জেলা পরিষদ, পাবনা
০৬. পুলিশ সুপার, পাবনা
০৭. প্রশাসক, পাবনা পৌরসভা, পাবনা
০৮. উপজেলা নির্বাহী কর্মকর্তা, পাবনা সদর/ফরিদপুর/সাঁথিয়া, পাবনা
০৯. সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, পাবনা
১০. সম্পাদক, দৈনিক ইছামতি, আঃ হামিদ রোড, পাবনা ০৪ কলামে ০৭ ইঞ্চি আকারে আগামী ০৫/০৬/২০২৬ তারিখে ০১ দিনের জন্য বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অনুরোধ করা হলো
১১. অফিস আদেশ।

০৭/০৬/২৬
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, পাবনা

জেলা পরিষদ কার্যালয়
পাবনা

তফসিল "গ"

দোকান ঘর বরাদ্দের শর্তাবলী :

০১. যাত্রী ছাউনির দোকানের অবস্থান সরেজমিনে প্রত্যক্ষ করে প্রতিটি দোকানের জন্য পৃথকভাবে দরপত্র দাখিল করতে হবে। দরপত্র দাখিলের পর এ বিষয়ে কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না।

০২. দরদাতাকে দরপত্রের সাথে ১০০%(শতভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনার অনুকূলে সিডিউল ফরম এর সাথে বন্ধ খামে জমা দিতে হবে এবং দরপত্রের সহিত ০১কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা ছবি,জাতীয়পরিচয়পত্র/জন্ম নিবন্ধন এর সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৩. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

০৪. খামের উপর দরপত্র দাতারস্নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও যাত্রী ছাউনির নাম স্পষ্ট উল্লেখ করে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পাবনা বরাবর নির্ধারিত সময় ও তারিখে দাখিল করতে হবে।

০৫. প্রত্যেক যাত্রী ছাউনির দোকান ঘরের জন্য পৃথক পৃথক খামে দরপত্র দাখিল করতে হবে।

০৬. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত দর যদি সংশ্লিষ্ট যাত্রী ছাউনির দোকান ঘরের সরকারি মূল্যের কম হয়, তবে পুনরায় দরপত্র আহবান করা হবে।

০৭. দুই বা ততোধিক দরপত্রদাতার দর একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮. ইজারাদার কোন ক্রমেই দোকান ঘরটি সাব-লীজ দিতে পারবে না।

০৯. চুক্তিপত্রের যে কোন শর্ত লংঘন করা হলে ইজারা বাতিল করা হবে।

১০. অকৃতকার্য দরপত্র দাতার ব্যাংক ড্রাফট ফেরতযোগ্য হবে। কেবলমাত্র সর্বোচ্চ দরপত্র দাতার দর জেলা পরিষদ কর্তৃক অনুমোদিত না হওয়া পর্যন্ত তাঁর ব্যাংক ড্রাফট ফেরত দেয়া হবে না।

১১. কর্তৃপক্ষ কর্তৃক দর গৃহীত হওয়ায় ১৫ (পনের) দিনের মধ্যে দরদাতাকে নিজ খরচে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিপত্র সম্পাদন করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল করতঃ জমাকৃত জামানত অর্থ বাজেয়াপ্ত করা হবে।

১২. প্রতিটি দোকানের নির্ধারিত মাসিক ভাড়া নিজ উদ্যোগে প্রতি মাসের ১৫ তারিখের মধ্যে পরিশোধ করতে হবে এবং নির্ধারিত মাসিক ভাড়ার উপর সরকার কর্তৃক নির্ধারিত ভ্যাট, আয়কর সরকার নির্ধারিত কোর্ডে জমা প্রদান করতে হবে। মন্ত্রণালয় হতে সময়ে সময়ে জারিকৃত এবং জেলা পরিষদের সম্পত্তি (অর্জন,ব্যবস্থাপনা, সংরক্ষণ ও হস্তান্তর) বিধিমালা-২০১৭ অনুযায়ী মাসিক ভাড়া বৃদ্ধি হতে পারে।

১৩. লীজ গ্রহীতাকে নিয়মিত ভাবে যাত্রী ছাউনির দোকান ঘরের বিদ্যুৎ বিল/গ্যাস/পানি বিলসহ যাবতীয় বিল পরিশোধ করতে হবে (যদি থাকে)।

১৪. ইজারাকৃত যাত্রী ছাউনি দোকানের আশে পাশে কোন প্রকার অবকাঠামো নির্মাণ করা যাবে না এবং বর্তমান অবকাঠামোর কোন প্রকার পরিবর্তন যাবে না। তবে বরাদ্দ গ্রহীতা নিজ দায়িত্বে/নিজ খরচে যাত্রী ছাউনির দোকান ঘর চুনকাম ও রংকরণ করতে পারবেন

১৫. যাত্রী ছাউনির দোকানের মালিকানা পাবনা জেলা পরিষদের নামে বজায় থাকবে। লীজ গ্রহীতা দোকানের পজিশন ব্যতীত অধিক জায়গা ব্যবহার করতে পারবে না। যাত্রী ছাউনির দোকানের ছাদ জেলা পরিষদ কর্তৃপক্ষ কর্তৃক যে কোন বিজ্ঞাপন সংস্থা কে ভাড়া দিতে পারবে। এ ক্ষেত্রে বরাদ্দ গ্রহীতাগণ কোন আপত্তি করতে পারবেন না।

১৬. যাত্রী ছাউনি দেয়ালে কোন প্রকার পোস্টার লাগানো বা শ্লোগান লেখা যাবে না। এ বিষয়টি বরাদ্দ গ্রহীতা নিশ্চিত করবেন।

১৭. যদি কোন বরাদ্দ গ্রহীতা যাত্রী ছাউনির দোকান পরিচালনা করতে অপারগ/ব্যর্থ হন সে ক্ষেত্রে বরাদ্দ গ্রহীতার জমাকৃত জামানতের ৫০% ফেরত প্রদান করা হবে।

১৮. বরাদ্দ গ্রহীতা কোন কারণে মৃত্যুবরণ করলে তার বৈধ ওয়ারিশ এর আবেদনের প্রেক্ষিতে (সার্টিফিকেট যাচাই সাপেক্ষে) মৃত ব্যক্তির বৈধ ওয়ারিশগণের সম্মতিক্রমে আবেদনকারীর বৈধ ওয়ারিশের অনুকূলে দোকান ঘর হস্তান্তর করা যাবে।

১৯. বরাদ্দ গ্রহীতা বরাদ্দ প্রাপ্ত যাত্রী ছাউনির দোকানে ইচ্ছামত দাহ্য পদার্থ/অন্য কোন অননুমোদিত ব্যবসা করতে পারবেন না। এ সংক্রান্ত কোন তথ্য প্রমাণিত হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ বাতিল করা হবে। সে ক্ষেত্রে বরাদ্দ গ্রহীতার কোন আপত্তি গ্রহণ যোগ্য হবে না।

২০. লীজ গ্রহীতাগণ পরিদর্শন বহি সংরক্ষণ করবেন। জেলা পরিষদ কর্তৃপক্ষ যে কোন সময় যাত্রী ছাউনির দোকান ঘর পরিদর্শনের ক্ষমতা সংরক্ষণ করে।

২১. অন্যান্য শর্তাবলী অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

২২. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন দরপত্র গ্রহণ ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।

০৭/০৫/২৬

(মোঃ আলতাফ হোসেন)
সহকারী প্রকৌশলী
জেলা পরিষদ, পাবনা